শেখ হাসিনার মলনীতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

## জুন/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

তারিখ ও সময় : ৩০/০৬/২০২২, দুপুর ০২.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদের সভা কক্ষ
উপস্থিত ও অনুপস্থিতি: পরিশিষ্ট ''ক''
সভাপতি : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীর ২(ক) ও ১৭(খ) নং সিদ্ধান্তে কিছু সংশোধনীসহ মে/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ): মে/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হবার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি): উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে '' উপজেলা উন্নয়ন সহায়তা'' খাতের 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের অনুকূলে ২০.০০ (বিশ) লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরী (স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.০০.০০৪.২১-৪৫২ তারিখঃ ০২ জুন ২০২২ খ্রিঃ) মূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) থোক বরাদ্দ খাত হতে প্রকল্প বাস্তবায়ন বাছাই কমিটি কর্তৃক ১৫/০৬/২০২২ইং তারিখে প্রকল্প বাছাই করা হয়েছে।

সিদ্ধান্ত-১: উপজেলা প্রকৌশলীর উপস্থাপনের উপর বিস্তারিত আলোচনা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে ''উপজেলা উন্নয়ন সহায়তা'' খাতের 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের অনুকূলে ২০.০০ (বিশ) লক্ষ টাকার স্কীম ২০২১-২০২২ অর্থ বছরে উক্ত বরাদ্দ হতে গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নলিখিত স্কীমগুলি RFQ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্কীম তালিকা নিম্নরূপ :**

| নং | স্কীমের নাম | বরাদ্দ | বাস্তবায়ন প্রক্রিয়া | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ১ | বাবনা-কামালবাজার এলজিইডি মেইন রাস্তা হতে লক্ষীবাসা ২নং সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন। | ২৫০০০০.০০ | আরএফকিউ | মোল্লারগাঁও |
| ২ | লামাপাড়া মসজিদ হতে আলাউদ্দিন গংদের বাড়ির সামন পর্যন্ত রাস্তার সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১২৫০০০.০০ | আরএফকিউ | তেতলি |
| ৩ | ঢাকা হাইওয়ে সড়ক হতে টিল্লাবাড়ি মেইন সড়ক পর্যন্ত রাস্তা পর্যন্ত রাস্তার সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১২৫০০০.০০ | আরএফকিউ | তেতলি |
| ৪ | ডুংশ্রী গ্রামের পূর্বপাড়া রাস্তার ঢালাইর মুখ হইতে মঞ্জুর আলী গংদের বাড়ির সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১০০০০০.০০ | আরএফকিউ | সিলাম |
| ৫ | মঞ্জলাল গ্রামের এলজিইডি রাস্তা হইতে প্রবাসী আক্তার মিয়ার বাড়ির পার্শ্ব পর্যন্ত রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | আরএফকিউ | সিলাম |
| ৬ | ফুলদী গুরস্থানের অসমাপ্ত সিসি ঢালাই সম্মুখ হতে তেলিমেটু মসজিদ পর্যন্ত রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২৫০০০০.০০ | আরএফকিউ | লালাবাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | আজমতপুর পুরাতন জামে মসজিদের সম্মুখ হতে মৌলার রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২৫০০০০.০০ | আরএফকিউ | জালালপুর |
| ৮ | সতীঘর প্রকাশিত বাউরবাগ গ্রামের সম্মুখ রেললাইন হইতে নিমার আলী সাহেবের বাড়ি অভিমূখে রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২৫০০০০.০০ | আরএফকিউ | মোগলাবাজার |
| ৯ | পূর্ব ঝাপা মোস্তাকিম গংদের বাড়ীর সামন হইতে নমির আলীর বাড়ীর সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | আরএফকিউ | দাউদপুর |
| ১০ | রেঙ্গা আশুগঞ্জ দাখিল মাদ্রাসার টিনসেড ভবনের চাল মেরামত। | ১০০০০০.০০ | আরএফকিউ | দাউদপুর |
| ১১ | গুপ্তেরগাঁও মেইন রাস্তা হইতে সিরুল মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | আরএফকিউ | কামালবাজার |
| ১২ | শেখের গাঁও গ্রামের সিসি ঢালাইর মূখ হইতে আব্দুন নূরের বাড়ী ও বদরুলের বাড়ির সম্মূখ পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১০০০০০.০০ | আরএফকিউ | কামালবাজার |
| | মোট টাকা= | ২০০০০০০.০০ | | |

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে সংশোধিত বাজেটে ''ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা'' খাতের আওতায় সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার অনুকূলে ১৪.০০ (চৌদ্দ) লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরী(স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১১.২২-৪১১, তাং-০২/০২/২০২২, বরাদ্দ=১৪.০০ লক্ষ টাকা) পাওয়া যায়।

সিদ্ধান্ত-২: উপজেলা প্রকৌশলীর উপস্থাপনের উপর বিস্তারিত আলোচনা হয়। চলতি ২০২১-২০২২ অর্থবছরে সংশোধিত বাজেটে ''ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা'' খাতের আওতায় সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার অনুকূলে ১৪.০০ (চৌদ্দ) লক্ষ টাকার স্কীম ২০২১-২০২২ অর্থ বছরে উক্ত বরাদ্দ হতে গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নলিখিত স্কীমগুলি RFQ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্কীম তালিকা নিম্নরূপ :**

| ক্রঃ নং | স্কীমের নাম | বরাদ্দ | বাস্তবায়ন প্রক্রিয়া | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ১ | মোল্লারগাঁও ইউনিয়নের গোপশহর মাঝপাড়ার ঢালাইর মুখ হইতে বাবনা-কামালবাজার মেইন সড়ক পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১৭৫০০০.০০ | আরএফকিউ | মোল্লারগাঁও |
| ২ | তেতলি ইউনিয়নের কামালবাজার-লালাবাজার এলজিইডি রাস্তার মুখ হইতে দুদু মিয়া গংদের বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১৭৫০০০.০০ | আরএফকিউ | তেতলি |
| ৩ | সিলাম ইউনিয়নের খড়ারিয়া গ্রামের মসজিদ মাদ্রাসা ইট সলিং হতে কাওছার গংদের বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন | ১৭৫০০০.০০ | আরএফকিউ | সিলাম |
| ৪ | লালাবাজার ইউনিয়নের নাজিরবাজার-হকিয়ারচর রাস্তা হইতে ঝাজর নুরুল ইসলাম মোতল্লীর বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১৭৫০০০.০০ | আরএফকিউ | লালাবাজার |
| ৫ | জালালপুর ইউনিয়নের মোকামদুয়ার মতিন মিয়ার বাড়ির সামন হতে লায়েক মিয়ার বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১৭৫০০০.০০ | আরএফকিউ | জালালপুর |
| ৬ | মোগলাবাজার ইউনিয়নের হরগৌরী গ্রামের দলা মিয়ার বাড়ির সামনের ঢালাইর মুল হইতে ইট সলিং পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১৭৫০০০.০০ | আরএফকিউ | মোগলাবাজার |
| ৭ | দাউদপুর ইউনিয়নের ইসলামপুর মাঝপাড়া মসজিদ থেকে ইসলামপুর দক্ষিণ পাড়া মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১৭৫০০০.০০ | আরএফকিউ | দাউদপুর |
| ৮ | কামাল বাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের পশ্চিমের পাকা রাস্তার মুখ হইতে এলজিইডি রাস্তার মুখ পর্যন্ত রাস্তা উন্নয়ন | ১৭৫০০০.০০ | আরএফকিউ | কামালবাজার |
| | মোট টাকা= | ১৪০০০০০.০০ | | |

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।
বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

০৬। <u>কৃষি বিভাগ</u> : উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয় ।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৭। <u>প্রাণি সম্পদ বিভাগ</u> : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। <u>মৎস্য বিভাগ</u> : উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৯। <u>শিক্ষা বিভাগ</u> : উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। <u>সমাজসেবা বিভাগ:</u> উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় এবং Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। <u>সমবায় বিভাগ:</u> উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

১৩। <u>মহিলা বিষয়ক বিভাগ</u> : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৪। <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u> : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

<u>সিদ্ধান্ত</u> : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u> : উপ-সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) উপজেলা উন্নয়ন (রাজস্ব উদ্বৃত্ত) তহবিল সংক্রান্ত আলোচনার সংশোধনী :** উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় মে/২০২২ মাসের সভায় গৃহীত ২ (ক) সিদ্ধান্তটি পাঠ করে শুনান এবং সভায় অবহিত করেন যে, মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩ মহোদয় উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদৃত্ত) হতে আপাতত: কোন প্রকল্প গ্রহণ না করার জন্য মৌখিকভাবে নির্দেশনা দিয়েছেন। সভায় দাউদপুর, কামালবাজার, সিলাম, জালালপুর ও লালাবাজার ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানগন আপাতত উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হতে কোন প্রকল্প গ্রহণ না করার বিষয়ে মতামত ব্যক্ত করেন । কিন্তু মোগলাবাজার ও তেতলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যনগণ দ্বিমত পোষন করেন।

সিদ্ধান্ত: মাননীয় সংসদ সদস্য-৩ মহোদয়ের সদয় নির্দেশনা ও অধিকাংশ ইউপি চেয়ারম্যান কর্তৃক উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হতে কোন প্রকল্প গ্রহণ না করার বিষয়ে একমত পোষন করায় আপাতত: উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদৃত্ত) হতে কোন প্রকল্প গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

**(গ) দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট সংক্রান্ত** : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভাকে অবহিত করেন যে, ১২.০৫.২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের সভা কক্ষে দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। তিনি রাজস্ব ও উন্নয়ন তহবিলের আয়-ব্যয়ের খাতসহ বাজেটের সবগুলো বিষয় নিয়ে সভায় আলোচনা করেন। এ পর্যায়ে দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করা হয়।

সিদ্ধান্ত : দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

বাস্তবায়নে: চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

**(ঘ) উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য কক্ষ নির্ধারণ সংক্রান্ত :**

উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, উপজেলার শিল্প -সংস্কৃতি সংক্রান্ত কার্যক্রম প্রসারের উদ্দেশ্যে সংস্কৃতিক চর্চার জন্য উপজেলা শিল্পকলা একাডেমী ভবন প্রয়োজন। এ প্রসংঙ্গে তিনি জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জন্য নির্ধারিত সরকারী বাসভবনটি দীর্ঘদিন থেকে অব্যবহৃত অবস্থায় থাকার কারণে বাসভবনটি জরাজীর্ন হয়ে

পড়েছে এবং ভবনের বিভিন্ন অংশ ও ফিটিংসগুলো নষ্ট হয়ে যাচ্ছে। উক্ত বাসভবনে যদি অস্থায়ী ভাবে উপজেলা শিল্পকলা একাডেমীর কার্যক্রম শুরু করা যায়, তাহলে বাসভবনটি নস্ট হওয়া থেকে রক্ষা পাবে এবং শিল্প সংস্কৃতি বিকাশের পথও প্রশস্থ হবে।

সিদ্ধান্ত :
উপজেলা পরিষদের অভ্যন্তরে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের অব্যবহৃত সরকারী বাস ভবনটি প্রয়োজনীয় সংস্কার সাধন করত: উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য ব্যবহার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। অনেকদিন থেকে অব্যবহৃত অবস্থায় থাকা বাস ভবনটি মেরামত / সংস্কার কাজের বিষয়ে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুত করত: উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করা হয়।

বাস্তবায়নে :

উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হতে ০৩ (তিন) কোটি টাকার প্রকল্প গ্রহণের বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের কোন আপত্তি থাকলে তা লিখিতভাবে জানানোর জন্য। তিনি সরকারের চলমান উন্নয়নের ধারা যাতে বাধাগ্রস্ত না হয় সে বিষয়ে সকলকে তৎপর থাকার জন্য পরামর্শ দেন। তিনি উপজেলা পরিষদকে স্বাধীনভাবে কাজ করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য সবাইকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২০২২

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২.৭২১/১ তারিখঃ ৩০ জুন, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..............................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..............................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ..........................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান/প্রশাসক ..........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.............................. সদস্য.............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

৩০/০৬/২২

নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

## পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |

“ দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি ”

মাস ঃ জুন, ২০২২ সময় ঃ ঘটিকা তারিখ ঃ ৩০।০৬।2022

| ক্রঃ নং | উপস্থিত জনপ্রতিনিধি ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৩ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা,সিলেট। | (A) |
| ০৫ | চেয়ারম্যান, ১ নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৭ | চেয়ারম্যান, ৫ নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৮ | চেয়ারম্যান, ৬ নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৯ | চেয়ারম্যান, ৭ নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১০ | চেয়ারম্যান, ৮ নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১১ | চেয়ারম্যান, ৯ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| | | |
| | | |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তা ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| | | |
| | | |